

সহীহ বুখারী (তাওহীদ পাবলিকেশন)

হাদিস নাম্বারঃ ৪৯৬৪

৬৫/ কুরআন মাজীদের তাফসীর (كتاب التفسير)

পরিচ্ছেদঃ ৬৫/১০৮/১. পরিচ্ছেদ নাই।

باب

আরবী

أَدُمُ حَدَّثَنَا شَيْبَانُ حَدَّثَنَا قَتَادَةُ عَنْ أَنَسٍ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ لَمَّا عُرِجَ بِالنَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِلَى السَّمَاءِ قَالَ أَتَيْتُ عَلَى نَهْرٍ حَافَتَاهُ قِبَابُ اللَّوْثِ مُجَوَّفَا فَقُلْتُ مَا هَذَا يَا جِبْرِيلُ قَالَ هَذَا الْكُوثَرُ.

বাংলা

(100) سُورَةُ الْعَادِيَّاتِ

সূরাহ (১০০) : ওয়াল'আদিয়াত

وَقَالَ مُجَاهِدٌ (الْكُنُودُ) الْكَفُورُ يُقَالُ (فَأْتَرْنَ بِهِنَقًا) رَفَعْنَا بِهِ عُبَارًا (لِحُبِّ الْخَيْرِ) مِنْ أَجْلِ حُبِّ الْخَيْرِ لَشَدِيدٍ لَبْخِيلٌ وَيُقَالُ لِلْبَخِيلِ شَدِيدٌ (حُصِّلَ) مِيزَ.

মুজাহিদ (রহ.) বলেন, الْكُنُودُ অকৃতজ্ঞ। فَاتَرْنَ بِهِنَقًا। সে সময় ধূলি উৎক্ষিপ্ত করে। لِحُبِّ الْخَيْرِ ধন-সম্পদের প্রতি ভালবাসার কারণে। لَشَدِيدٍ মানে অবশ্যই কৃপণ। কৃপণকে আরবী ভাষায় شَدِيدٌ বলা হয়। حُصِّلَ আলাদা করা হবে।

(101) سُورَةُ الْفَارِعَةِ

সূরাহ (১০১) : আল-ফারি'আহ

(كَالْفَرَّاشِ الْمَبْتُوثِ) كَغَوَّاءِ الْجَرَادِ يَرْكَبُ بَعْضُهُ بَعْضًا كَذَلِكَ النَّاسُ يَجُولُ بَعْضُهُمْ فِي بَعْضٍ كَالْعِهْنِ كَالْوَانِ الْعِهْنِ وَقَرَأَ عَبْدُ اللَّهِ كَالصُّوفِ.

كَالْفَرَّاشِ الْمَبْتُوثِ মানে বিক্ষিপ্ত পতঙ্গের মত। পতঙ্গ যেমন একটি আরেকটির ওপর পড়ে, ঠিক তেমনিভাবে একজন মানুষ আরেকজনের ওপর পড়বে। كَالْعِهْنِ নানা রঙের তুলার ন্যায়। 'আবদুল্লাহ্ ইবনু মাস'উদ (রাঃ)

পড়েছেন।

(102) سُورَةُ الْهَآكُم

সূরাহ (১০২) : আততাকাসুর

وَقَالَ ابْنُ عَبَّاسٍ (التَّكَثُّرُ) مِنَ الْأَمْوَالِ وَالْأَوْلَادِ.

ইবনু 'আব্বাস (রাঃ) বলেন, التَّكَثُّرُ ধন-সম্পদ ও সন্তান-সন্ততির আধিক্য।

(103) سُورَةُ وَالْعَصْرِ

সূরাহ (১০৩) : আল-আসর

وَقَالَ يَحْيَى الْعَصْرُ الدَّهْرُ أَقْسَمَ بِهِ.

বলা হয় الْعَصْرُ কাল বা সময়। আল্লাহ তা'আলা এখানে কালের শপথ করেছেন।

(104) سُورَةُ هُمَزَةٍ

সূরাহ (১০৪) : আল-হুমাযাহ

(الْحُطْمَةُ) اسْمُ النَّارِ مِثْلُ سَقَرَ وَ لَطَى.

الْحُطْمَةُ 'লাযা' ও 'সাকার' যেমন জাহান্নামের নাম, তেমনি 'হুতামা'ও একটি জাহান্নামের নাম।

(105) سُورَةُ أَلَمْ تَرَ

সূরাহ (১০৫) : আলামতারা (ফীল)

قَالَ مُجَاهِدٌ (أَلَمْ تَرَ) أَلَمْ تَعْلَمْ قَالَ مُجَاهِدٌ (أَبَابِيلَ) مُتَتَابِعَةً مُجْتَمِعَةً وَقَالَ ابْنُ عَبَّاسٍ (مِنْ سَجِيلٍ) هِيَ سَنَكٌ وَكِلْ.

মুজাহিদ বলেন, أَلَمْ تَرَ অর্থাৎ তোমরা কি জাননা?, মুজাহিদ বলেন, أَبَابِيلَ ঝাঁকে ঝাঁকে ও একত্রিত। ইবনু 'আব্বাস (রাঃ) বলেন, مِنْ سَجِيلٍ শব্দটি سَنَكٌ ও كِلْ থেকে আরবীকৃত আরবী শব্দ (এর অর্থ হল পাথর ও মাটির টিল)।

(106) سُورَةُ لِإِيلَافٍ قُرَيْشٍ

সূরাহ (১০৬) : লি ই-লাফি (কুরাইশ)

وَقَالَ مُجَاهِدٌ (لِإِيلَافٍ) أَلْفُوا ذَلِكَ فَلَا يَشْقُ عَلَيْهِمْ فِي الشِّتَاءِ وَالصَّيْفِ وَأَمَنَهُمْ مِنْ كُلِّ عَدُوِّهِمْ فِي حَرَمِهِمْ قَالَ ابْنُ عُيَيْنَةَ (لِإِيلَافٍ) لِنِعْمَتِي عَلَى قُرَيْشٍ.

মুজাহিদ (রহ.) বলেন, لِإِيلَافٍ মানে তারা এ বিষয়ে অভ্যস্ত ছিল। ফলে, শীত ও গ্রীষ্মে তা তাদের জন্য কষ্টকর হয় না। وَأَمَنَهُمْ আশুনা তা'আলা হারামের মাধ্যমে তাদের যাবতীয় শত্রু থেকে নিরাপত্তা দিয়েছেন। ইবনু উআয়না (রহ.) বলেন, لِإِيلَافٍ কুরাইশদের প্রতি আমার নি'মাতের কারণে।

(107) سُورَةُ الْمَاعُونِ

সূরাহ (১০৭) : আল-মা'উন

وَقَالَ مُجَاهِدٌ (يَدْعُ) يَدْفَعُ عَنْ حَقِّهِ، وَيُقَالُ : هُوَ مِنْ دَعَعْتُ، يُدْعُونَ يَدْفَعُونَ. (سَاهُونَ) لَاهُونَ. وَالْمَاعُونُ : الْمَعْرُوفُ كُلُّهُ. وَقَالَ بَعْضُ الْعَرَابِ : الْمَاعُونُ الْمَاءُ، وَقَالَ عِكْرِمَةُ : أَعْلَاهَا الزَّكَاةُ الْمَقْرُوضَةُ وَأَدْنَاهَا عَارِيَةُ الْمَتَاعِ.

মুজাহিদ (রহ.) বলেন, يَدْعُ সে তাকে হাক না দিয়ে ধাক্কা দিয়ে তাড়িয়ে দেয়। বলা হয় এ শব্দটি শব্দ থেকে উদ্ভূত। يُدْعُونَ তাদেরকে বাধা দেয়া হয়। سَاهُونَ উদাসীন। الْمَاعُونُ সর্বপ্রকার কল্যাণকর কাজ। কোন কোন আরবী ভাষা বিশেষজ্ঞ বলেন, الْمَاعُونُ পানি। ইকরামাহ (রাঃ) বলেন, মাউনের অন্তর্ভুক্ত সর্বোচ্চ স্তরের বিষয় হচ্ছে যাকাত প্রদান করা এবং সর্বনিম্ন পর্যায়ের বিষয় হচ্ছে গৃহস্থালির প্রয়োজনীয় ছোট খাট জিনিস ধার দেয়া।

(108) سُورَةُ الْكَوثرِ

সূরাহ (১০৮) : আল-কাউসার

وَقَالَ ابْنُ عَبَّاسٍ (شَانِيكَ) : عَدُوُّكَ.

ইবনু আব্বাস (রাঃ) বলেন, شَانِيكَ তোমার শত্রু।

৪৯৬৪. আনাস (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, আকাশের দিকে নবী সাল্লাল্লাহু 'আলাইহি ওয়াসাল্লাম-এর মি'রাজ হলে তিনি বলেন, আমি একটি নহরের ধারে পৌঁছলাম, যার উভয় তীরে ফাঁপা মোতির তৈরি গম্বুজসমূহ রয়েছে। আমি বললাম, হে জিব্রীল! এটা কী? তিনি বললেন, এটাই (হাওযে) কাউছার। [৩৫৭০] (আধুনিক প্রকাশনীঃ ৪৫৯৫, ইসলামিক ফাউন্ডেশনঃ ৪৬০০)

Narrated Anas:

When the Prophet (ﷺ) was made to ascend to the Heavens, he said (after his return), "I came upon a river the banks of which were made of tents of hollow pearls. I asked Gabriel. What is this (river?) He replied, 'This is the Kauthar.'

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশার: তাওহীদ পাবলিকেশন □ বর্ণনাকারী: আনাস ইবনু মালিক (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=29478>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন